



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রকল্প বাস্তবায়ন বিভাগ
(এসএমই সেল)
প্রধান কার্যালয়, ঢাকা।

ফোন : ৯৫৫৭৯৮৮
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১-৩৫
(এক্সটেনশন-৩৪৪)
E-mail : dgmpid@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) সার্কুলার লেটার নং-০৮/২০১২

তারিখ : ২৭/১১/২০১২

- ০১। মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়
ও
স্থানীয় মুখ্য কার্যালয়
০২। উপ-মহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
০৩। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৪। সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ এর কতিপয় অনুচ্ছেদে সংশোধনী/সংযোজনী প্রসংগে।

প্রিয় মহোদয়,

ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) অর্থায়নের নীতিকৌশল ও নিয়মাচার সংক্রান্ত পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৬/২০১০, তারিখ ৩০/১১/২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারের শিল্পনীতি-২০১০ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক ক্ষুদ্র ও মাঝারি খাতের সংজ্ঞা পরিবর্তন হওয়ায় ব্যাংকের পরিচালনা পর্ষদের ০৬/১১/২০১২ তারিখে অনুষ্ঠিত ৫৭০তম সভায় অত্র ব্যাংকের ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ এর কতিপয় অনুচ্ছেদে সংশোধনী আনার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) ঋণ নীতিমালা-২০১০ এর ১৭৩ ও ৩৪ নং অনুচ্ছেদে নিম্নোক্তভাবে সংশোধন করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে :

ক্রঃ নং	পৃষ্ঠা নং	বিষয়	অনুচ্ছেদ নং	বিদ্যমান নিয়মাচার		সংশোধিত নিয়মাচার	
				খাত	এসএমই ঋণ নীতিমালা-২০১০ মোতাবেক বিদ্যমান ঋণসীমা (লক্ষ টাকায়)		
					প্রকল্প/মেয়াদী ঋণ		চলতি মূলধন/নগদ ঋণ
(১)	৬	ঋণসীমা	১৭	(ক) মাঝারি শিল্প/উদ্যোগ			প্রকল্প ও মেয়াদী ঋণের ক্ষেত্রে মোট প্রকল্প ব্যয়ের ৬০ : ৪০ ঋণ ইকুইটি অনুপাতে এবং চলতি মূলধন/নগদ ঋণের ক্ষেত্রে ৭০ : ৩০ ঋণ ইকুইটি অনুপাতে ঋণাংক নির্ধারণ।
				ম্যানুফ্যাকচারিং	১০০.০০-১৫০০.০০	১০০.০০-১৫০০.০০	
				সেবা খাত	৫০.০০ - ১০০০.০০	৫০.০০ - ১০০০.০০	
				ব্যবসা খাত	৫০.০০ - ১০০০.০০	৫০.০০ - ১০০০.০০	
				(খ) ক্ষুদ্র শিল্প/উদ্যোগ			ঐ
				ম্যানুফ্যাকচারিং	০.৫০ - ১০০.০০	০.৫০ - ১০০.০০	
				সেবা খাত	০.৫০ - ৫০.০০	০.৫০ - ৫০.০০	
				ব্যবসা খাত	০.৫০ - ৫০.০০	০.৫০ - ৫০.০০	
				(গ) মাইক্রো শিল্প/উদ্যোগ			ঐ
				ম্যানুফ্যাকচারিং	নাই	নাই	
				সেবা খাত			
				ব্যবসা খাত			
(ঘ) কুটির শিল্প/উদ্যোগ			ঐ				
ম্যানুফ্যাকচারিং	নাই	নাই					
সেবা খাত							
ব্যবসা খাত							

চলমান পাতা-২

ক্রঃ নং	পৃষ্ঠা নং	বিষয়	অনুচ্ছেদ নং	এসএমই ঋণ নীতিমালা-২০১০ মোতাবেক বিদ্যমান নিয়মাচার	সংশোধিত নিয়মাচার
(২)	১০	প্রশিক্ষণ কর্মসূচি	৩৪	ব্যাংকের এসএমই কার্যক্রম সফলতার সাথে পরিচালনার জন্য দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে প্রধান কার্যালয়ের এসএমই সেল ও ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাংলাদেশ কৃষি ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট এর বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচির মধ্যে এসএমই ঋণের উপর প্রশিক্ষণের বিষয়টি অলঙ্ঘনীয় করতে হবে। তাছাড়া, এসএমই উদ্যোক্তাদের জন্যও তাদের উপযোগী করে ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকসহ BIBM, DCCI, FBCCI, NASCIB, BWCCI, SME Foundation এর মত এসএমই উন্নয়নের সাথে জড়িত প্রতিষ্ঠানের সহায়তা নেয়া যেতে পারে।	এসএমই ঋণ নীতিমালা-২০১০ এ বর্ণিত নির্দেশনার পাশাপাশি মাঠ পর্যায়ে এসএমই ঋণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সক্ষমতা ও দক্ষতা গড়ে তোলার লক্ষ্যে প্রধান কার্যালয়ের এসএমই সেল, বিভাগীয় কার্যালয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের সমন্বয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণ শিবিরের ব্যবস্থা করতে হবে। এক্ষেত্রে এসএমই ঋণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর ও বিসিকের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

০৪। উপরোক্ত সংশোধনী মোতাবেক এখন থেকে সংশ্লিষ্ট সকল মাঠ কার্যালয়সমূহকে এসএমই ঋণের আবেদনপত্র গ্রহণ, প্রক্রিয়াকরণ এবং এসএমই খাতে বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(আনোয়ার আলী খান)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোন : ৭১৬১৭৫৩

নং-বিকেবি-প্রকা/প্রবাবি-৩(৬৩)/২০১২-২০১৩/২৯৪(১২৫০)

তারিখ : ২৭/১১/২০১২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়দ্বয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।

স্বাক্ষরিত/-
(মোঃ মোখলেছুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক